কমিউনিটি সংবাদ

সালভেশন ফর ডেমক্রেসী এন্ড হিউম্যান রাইটস ইন বাংলাদেশ নামে মানবাধিকার সংগঠনের যাত্রা শুরু

বাংলাদেশে গনতন্ত্র ও মানবাধিকার বিষয়ে কাজ করার লক্ষ্যে আজ বিশিষ্ট শিক্ষাবিদ ড: হাসনাত হোসাইন এমবিই ও মাল্টিফেইথ ডায়ালগ এর পেট্রন মুফতী শাহ সদরুদ্দীনকে প্রধান করে হেড কনভেনার করে ও ১৩ জয়েন্ট কনভেনার করে জনকে সালভেশন ফর ডেমক্রেসী এন্ড হিউম্যান রাইটস ইন বাংলাদেশ নামে একটি মানবাধিকার সংগঠনের আত্মপ্রকাশ ঘটেছে।

কমিটির অন্যান্য জয়েন্ট কনভেনার গন হলেন শামছুল আলম চৌধুরী, সাইদুর রহমান, মিয়া মহিরুল আলম, কে এম আবু তাহের চৌধুরী, জগলুল হোসাইন, অধ্যাপক আব্দুল কাদিও সালেহ, ব্যারিষ্টার নাজির আহমদ, মাওলানা শোয়াইব আহমাদ, একেএম মিরাজুল ইসলাম, ব্যারিষ্টার নজরুল ইসলাম, মাওলানা ছিদ্দিকুর রহমান, মাওলানা রেজাউল করীম। পূর্ব লন্ডনের ডেভন্যান্ট সেন্টার কনফারেন্স রুমে বৃটেনের বিভিন্ন পর্যায়ের মানবাধিকার কর্মী, গবেষক, সাংবাদিক, শিক্ষাবিদ ও পেশাজীবিদের এক সভায় বাংলাদেশের সাম্প্রতিক সংবাদপত্র ও সংবাদ মাধ্যম বন্ধ করন, সম্পাদক ও সাংবাদিকদেও গ্রেফতার ও নির্যাতন গুম, হত্যাম, সরকারের নিরাপত্তা বাহিনীর হাতে বন্দি অবস্থায় বিচার বহির্ভুত হত্যা, রাজনৈতিক হয়রানী ও গ্রেফতার, মিছিল, সমাবেশ ও মানব বন্ধন করতে না দেয়া, বিভিন্ন রাজনৈতিক দলের সিনিয়র নেতৃবৃন্দকে সাজানো মামলায় গ্রেফতার, লাগাতার পুলিশ রিমান্ডের নামে অমানবিক ভাবে শারিরীক ও মানসিক নির্যাতন, সরকারী পৃষ্ঠপোষকতায় বিরধী দলের নেতৃবৃন্দের বিরুদ্ধে বিরামহীন ও লাগামহীন প্রোপাগান্ডার মাধ্যমে ব্যক্তি চরিত্র হনন সহ মানবাধিকারের চরম অবনতিতে উদ্বেগ প্রকাশ করা হয়।

সংগঠনের এক ঘোষনায় বলা হয় বাংলাদেশ জাতিসংঘের মানবাধিকার সনদের স্বাক্ষরকারী এবং বাংলাদেশের সংবিধানে নাগরিকদেও স্বাধীন মত প্রকাশ এবং সভা-সমাবেশ, শোভা যাত্রা করা গনতান্ত্রিক অধিকারের গ্যারান্টি থাকা স্বত্বেও সরকার এগুলোর প্রতি কোন তোয়াক্কা করছে না।

বিরোধী মতের দমন, সাংবাদিকদের কন্ঠ রোধ ও নিষিদ্ধ করন, সভা সমাবেশ করতে না দেয়া, সাজানো মামলায় শীর্ষ রাজনৈতিক নেতৃবৃন্দকে গ্রেফতার ও রিমান্ডে নিয়ে নির্যাতন বাংলাদেশের ভাবমুর্তি ও সরকারের ক্রেডিবিলিটিকে ক্ষতিগ্রস্ত করছে। নাগরিক জীবনে নিরাপত্তা ও স্থিতিশীলতার পরিবর্তে উদ্বেগ ও চাপা আতঙ্কের জন্ম দিয়েছে। এ অবস্থা অব্যাহত থাকলে নাগরিক জীবনে অসহিষ্ণুতা ও প্রতিশোধের মানসিকতা জন্ম দেবে। এতে সামাজিক অস্থিতিশীলতা দেখা দেয়ার সম্ভাবনা রয়েছে। একটা স্বাধীন সার্বভৌম দেশের জন্য কখনো কাম্য হতে পারে না।

অপর এক ঘোষনায় বিরোধী মত দমনের স্বৈরতান্ত্রিক মানসিকতা পরিহার করে সকলের জন্য নিরাপত্তা, ন্যায়বিচার ও সমঅধিকার নিশ্চিত করতে মনযোগী হওয়ার জন্য সরকারের প্রতি আহবান জানানো হয়। ঘোষনায় দলমত বর্ণ নির্বিশেষে সকলকে বাংলাদেশের মানবাধিকার ও গণতন্ত্র নিশ্চিত করতে একযোগে কাজ করতে আহবান জানানো হয়।

গভায় গৃহিত এক প্রস্তাবে ঢাকা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার চৌধুরী আলম কে নিরাপত্তা বাহিনীর পরিচয়ে সাদা পোশাকধারী লোকদের ধওে নিয়ে যাওয়ার দীর্ঘদিন নিখোঁজ থাকা ও পুলিশের হেফাজতে থাকা অবস্থায় বন্দীদের মৃত্যুতে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়।

সভায় গৃহীত অপর এক প্রস্তাবে দৈনিক আমারদেশ পত্রিকার ছাপাখানার তালা খুলে দেয়া, সম্পাদক মাহমুদুর রহমানের অবিলম্বে মুক্তি ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর মাওলানা মতিউর রহমান নিজামী, বিরোধী দলীয় নেত্রীর উপদেষ্টা শমশের মুবিন চৌধুরী, সাবেক মন্ত্রী মির্জা আব্বাস, ছাত্রদলের সাবেক সভাপতি ও সংসদ সদস্য শাহীদউদ্দীন চৌধুরী এ্যানী, বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নায়েবে আমীর মাওলানা দেলওয়ার হোসাইন সাঈদী, সেক্রেটারী জেনারেল আলী আহসান মোহাম্মদ মুজাহিদ, সহকারী সেক্রেটারী জেনারেল আবদুল কাদের মোল্লা, মুহাম্মদ কামারুজ্জামান সহ গ্রেফতারকৃত সকল রাজনৈতিক নেতৃবৃন্দের অবিলম্বে মুক্তি ও সকল পর্যায়ের বন্দীদের মানবাধীকার ও ন্যায়বিচার নিশ্চিত করার জন্যে সরকারের প্রতি আহবান জানানো হয়।

ডিজেবল গাড়ি চালকদের ব্লু ব্যাজ জালিয়াতির দায়ে দুই ব্যক্তির অর্থ দন্ড

ডিজেবল গাড়ি চালকদের জন্য প্রযোজ্য ব্লু ব্যাজ ব্যবহার করে টাওয়ার হ্যামলেটসে পার্কিং চার্জ ফাঁকি দেয়ার অভিযোগে দুই জন ব্লু ব্যাজ জালিয়াতের অর্থ দন্ড হয়েছে। গত দুই জুলাই টেমস্ ম্যাজিষ্ট্রেট আদালতে অভিযুক্ত নানা কোম স্যারপং (হালস্টন ক্লোজ, এস ডবিউ ১১) তাঁর বিরুদ্ধে আনীত তিনটি অভিযোগ স্বীকার করে নিলে আদালত তাকে ২২৫ পাউন্ড জরিমানা, মামলার খরচ বাবদ আরো ৫০০ পাউন্ড ও ভিকটিম সারচার্জ বাবদ ১৫ পাউন্ড প্রদানের নির্দেশ দেন। ৯ জুলাই একই আদালতে অপর অভিযুক্ত আমির উদ্দিন (কুবা স্ট্রিট, ই১৪) তার বিরুদ্ধে আনীত দুটি অভিযোগ স্বীকার করে নিলে আদালত তাকে ১৫০ পাউন্ড অর্থ দন্ড, মামলার খরচ বাবদ আরো ১০০ পাউন্ড ও ভিকটিম সারচার্জ বাবদ ১৫ পাউন্ড প্রদানের নির্দেশ দেন। টাওয়ার হ্যামলেটস কাউন্সিলের লীড মেম্বার ফর এনভায়রমেন্ট, কাউন্সিলর শাহেদ আলী বলেন, যেসকল গাড়ি চালক ব্লু ব্যাজ পারমিট স্কীমের অপব্যবহার করে, তারা হয়তো ভাবে যে এই অপরাধের শিকার কেউ হোন না। কিন্তু তাদের এই ধারনা ভুল, আসল সত্য হচ্ছে তারা সত্যিকারের ডিজেবল গাড়ি চালক এবং তাদের কেয়ারারদের কাছ থেকে পার্কিংয়ের স্থানটি ছিনিয়ে নেন। টাওয়ার হ্যামলেটস্ কাউন্সিল ব্লু ব্যাজ জালিয়াতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে সারা দেশের কাউন্সিলগুলোর সাথে যৌথভাবে কাজ করছে। ডিজেবল গাড়ি চালকদের জন্য প্রযোজ্য একটি ব্লু ব্যাজের জালিয়াতিমূলক ব্যবহারের ফলে করদাতাদের ক্ষতি হয় ৫ হাজার পাউন্ড। এই জালিয়াতি রোধ এবং ডিজেবল ও খুবই দুর্বল গাড়ি চালকদের জন্য পার্কিং স্পেস মুক্ত রাখতে কাউন্সিল সাঁড়াশি অভিযান শুরু করেছে। ব্লু ব্যাজ সম্পর্কে কোন তথ্য জানতে হলে ০২০ ৭৩৬৪ ৫০০৩ নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে।

baraka EATERY

Indian, Bangladeshi & Mediterian Delicacies

In One Halal Environment

We also Cater for ...

- Wedding & Walima
- Birth Day
- Chini Pan
- Corporate Parties &
- Event Management



London Muslim Centre
38-40 Whitechapel Road, London E1 1JX
020 7426 0550
info@barakaeatery.co.uk www.barakaeatery.co.uk

MEGHNA CAR
Mini Cabs /Taxi
TEL. 0207 423 9999 Drivers wanted
heathrowlink.com 0800 652 9196 –24hrs

vehicle	from	Heathrow	Gatwick	Stansted	Luton	City air
saloon car	E1+ E2	£40.00	£50.00	£45.00	£55.00	£15.00
6/7 seater	‘’	£50.00	£60.00	£55.00	£65.00	£22.00
saloon car	E3+E14	£43.00	£53.00	£45.00	£55.00	£15.00
6/7 seater	‘’	£53.00	£63.00	£55.00	£65.00	£22.00
saloon car	Dockland	£45.00	£53.00	£45.00	£60.00	£15.00
6/7 seater	E14	£55.00	£63.00	£55.00	£70.00	£22.00

For all other destination call us
(Mini cab heathrowlink £40) 020 7790 0999
Satellite navigation controlled, e-mail. operator@citycarriage.com
Driver wanted
CONTROLLER WANTED
NA96:03/46-

BANGLADESH CASH & CARRY
বাংলাদেশ ক্যাশ এন্ড ক্যারী
532 Barking Rd, Plaistow
London E13, Tel: 020 8470 9447

Free Home Delivery
Over £75 spent (local only)



এখানে রমফোর্ডের হালাল মাংস পাওয়া যায়
আমাদের কাছে হালাল মাংস, বাংলাদেশী মাছ, সবজী, তরিতরকারী, চাল, ডাল, তৈল মশলা ইত্যাদি সুলভ মূল্যে পাবেন